কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
uaomohadevpurdae@gmail.com

স্মারক নং: ১২.১৮.৬৪৫০.০৪১.৩৯.৬১২.১৯.৬৯২ তারিখ ঃ ১৪/১০/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ রোপা আমন ধানে বাদামী গাছ ফড়িং (বিপিএইচ), ব্লাষ্ট, খোলপোড়া সহ অন্যান্য রোগবালাই দমন ব্যবস্থাপনায় করনীয়।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি খরিপ-২ মৌসুমে মাঠে দন্ডায়মান রোপা আমন ফসলে বাদামী গাছ ফড়িং (বিপিএইচ), খোলপোড়া ও ব্লাষ্ট সহ অন্যান্য রোগবালাই এর আক্রমনে যেন ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয়ে সকল স্তরের কর্মকর্তাগণকে সর্বোচ্চ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। রোপা আমন ফসলের সর্বোচ্চ ফলন নিশ্চিতে বিপিএইচ, খোলপোড়া ও ব্লাষ্ট সহ অন্যান্য রোগবালাই দমনে নিম্ন লিখিত ব্যবস্থাদি গ্রহনের জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো ঃ

০১। ব্লকের কৃষকদের বিপিএইচ, খোলপোড়া ও ব্লাষ্ট সহ অন্যান্য রোগবালাই আক্রমন নিয়ন্ত্রনে করনীয় দিক নির্দেশনা সম্পর্কীত দলীয় সভার আয়োজন, উঠান বৈঠক আয়োজন, আলোক ফাঁদ স্থাপন, লিফলেট বিতরণ প্রভৃতি কার্যক্রম করবেন।

০২। ব্লকের বিভিন্ন স্থানে কমপক্ষে (১০) দশটি আলোক ফাঁদ স্থাপন করবেন। আলোক ফাঁদে প্রাপ্ত পোকা সনাক্ত করে পোকা মাকড়ের তথ্য অত্র দপ্তরে প্রেরণ করবেন।

০৩। প্রতি ব্লকে বিভিন্ন স্থানে প্রতিদিন ধান ক্ষেত সরেজমিনে পরিদর্শন করবেন ।

০৪। ওয়ার্ড, ব্লক ও ইউনিয়ন পিপি স্কোয়াড গঠনের জন্য নির্দেশ প্রদান করা হলো। পোকামাকড় ও রোগ বালাই দমনে পিপি স্কোয়াডকে সর্বদা সতর্ক অবস্থানে তৎপর রাখবেন এবং অত্র দপ্তরকে অবহিত করবেন।

০৫। কৃষি সম্প্রসারণ অফিসার/উপসহকারি উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাসহ উপসহকারী কৃষি অফিসার কৃষক পর্যায়ে সরেজমিনে সার্ভিলেন্স ব্লকে বালাইয়ের অতন্দ্র জরিপ, পূর্বাভাস ও সতর্কীকরণ কার্যক্রম জোরদার করন সহ মাঠ ফসলের নিয়মিত নিবিড় পর্যবেক্ষণ করবেন ।

০৬। পিএফএস/সি আই জি/ আই পিএম/ আই সিএম/ আইএফএমসি/ কৃষক সংগঠন/ সমবায় সমিতি/ কৃষক ক্লাব সমুহকে রোগবালাই আক্রমন প্রতিরোধ ও দমনে সম্পৃক্ততা জন্য ব্যবস্থা গ্রহন করবেন।

০৭। মাল্টিমিডিয়ার মাধ্যমে পোকামাকড় রোগবালাই ব্যবস্থাপনা বিষয়ক ভিডিও প্রচারনার ব্যবস্থা গ্রহণ ও প্রয়োজনে ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার ও আইসিএম ক্লাবের মাল্টিমিডিয়া ব্যবহার করবেন।

০৮। ইউনিয়ন সমন্বয় কমিটির সভায় উপরোক্ত বিষয়ে আলোচনা করবেন এবং বালাই দমন কার্যক্রমে স্থানীয় মসজিদের ইমাম ও জনপ্রতিনিধিসহ গন্যমান্য ব্যাক্তিদের অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ কার্যক্রম বৃদ্ধি করবেন।

০৯। বালাইনাশক কোম্পানির প্রতিনিধি এবং বালাইনাশক ডিলারদের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে বালাইনাশকের পর্যাপ্ত মজুদ ও সহজ লভ্যতা নিশ্চিত করবেন।

ব্লকে কর্মরত উপসহকারী কৃষি অফিসারদের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে উপযুক্ত নির্দেশনা সুষ্ঠভাবে বাস্তবায়ন নিশ্চিত করণসহ নিয়মিত মাঠ পর্যবেক্ষণের নির্দেশনা প্রদান করা হলো । উল্লেখ্য যে, এতদবিষয়ে কোন অবহেলা বা গাফলতি না করার জন্য অনুরোধ করা হইল অন্যথায় সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকিবেন।

**বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ**

১৪/১০/২৪
(হোসাইন মোহাম্মদ এরশাদ)
উপজেলা কৃষি অফিসার
মহাদেবপুর, নওগাঁ।

প্রাপক

উপসহকারি কৃষি কর্মকর্তা
.........................(সকল)
মহাদেবপুর, নওগাঁ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,খামারবাড়ী, নওগাঁ।